

অনলাইন ক্লাসের সিদ্ধান্তের বিষয়ে নতুন তথ্য

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

জ্বালানিসংকট মোকাবেলায় অফিসের সময় কমিয়েছে সরকার। আজ রবিবার থেকে নতুন সূচিতে চলছে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান। তবে শিক্ষাপ্রতিষ্ঠানের সিদ্ধান্ত ঝুলে গেছে। আজ রবিবার সিদ্ধান্ত নেওয়ার কথা থাকলেও তা হচ্ছে না।

রবিবার দুপুরে সচিবালয়ে এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ড. আনাম এহসানুল হক মিলন জানান, ‘আজ নয়, বৃহস্পতিবার মন্ত্রিপরিষদের সভায় শিক্ষাপ্রতিষ্ঠানের অনলাইন-অফলাইন ক্লাসের বিষয়টি চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।’

গত বৃহস্পতিবার রাতে মন্ত্রিসভার বৈঠকের পর
ত্রিফিংয়ে মন্ত্রিপরিষদের সচিব নাসিমুল গনি
বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়
আলাদা নির্দেশনা দেবে। কারণ, এ বিষয়ে কিছু
ক্ষেত্রে আলোচনার দরকার আছে। পরিস্থিতি
বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয় রবিবার থেকে
স্কুল ও শিক্ষাপ্রতিষ্ঠান সংক্রান্ত আলাদা নির্দেশনা
দেওয়া শুরু করবে।

তবে শিক্ষা কার্যক্রম যেন ব্যাহত না হয়, তা
বিবেচনায় রাখা হবে।